Series : X4YZW

SET ~ 4

রোল নং.

Roll No.

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |

Q.P. Code 5

Candidates must write the Q.P. Code on the title page of the answer-book.

# বাংলা

# BENGALI

*নির্ধারিত সময় : 3 ঘন্টা*

*Time allowed : 3 hours*

*সর্বাধিক নম্বর : 80*

*Maximum Marks : 80*

**নোট / NOTE**

(I) পরীক্ষার্থী যেন যাচাই করে নেয় প্রশ্নপত্রে **15** টি মুদ্রিত পৃষ্ঠা রয়েছে।

Please check that this question paper contains **15** printed pages.

(II) পরীক্ষার্থীরা যেন যাচাই করে নেয় যে প্রশ্নপত্রে **17** টি প্রশ্ন আছে।

Please check that this question paper contains **17** questions.

(III) প্রশ্নপত্রের ডানদিকে কোড নং দেওয়া আছে। উত্তরপত্রের মুখ্য পাতায় ছাত্রছাত্রীরা কোড নম্বরটি লিখবে।

Q.P. Code given on the right hand side of the question paper should be written on the title page of the answer-book by the candidate.

(IV) **প্রশ্নের উত্তর লেখা শুরু করার আগে উত্তর-পুস্তিকার যথাস্থানে প্রশ্নের ক্রমিক সংখ্যাটি অবশ্যই লিখবে।**

**Please write down the serial number of the question in the answer-book at the given place before attempting it.**

(V) প্রশ্নপত্রটি পড়ার জন্য 15 মিনিট সময় দেওয়া হবে। 10.15 মিনিটে প্রশ্নপত্র বিতরণ করা হবে। 10.15 থেকে 10.30 মিনিট পর্যন্ত পরীক্ষার্থীরা কেবল প্রশ্নপত্রটি পড়বে। এই সময়ে কোনও উত্তর লেখা চলবে না।

15 minute time has been allotted to read this question paper. The question paper will be distributed at 10.15 a.m. From 10.15 a.m. to 10.30 a.m., the candidates will read the question paper only and will not write any answer on the answer-book during this period.

~

**General Instructions :**
**সাধারণ নির্দেশ :**

1. The question paper contains **15** printed pages.
   প্রশ্নপত্রটিতে **১৫**টি মুদ্রিত পৃষ্ঠা আছে।
2. The question paper contains **17** questions.
   প্রশ্নপত্রটিতে **১৭**টি প্রশ্ন আছে।
3. The question paper is divided into **two** parts.
   প্রশ্নপত্রটি **দুটি** ভাগে বিভক্ত।

| | | |
|---|---|---|
| **PART – A** | : Objective type questions (MCQ) | : **25** marks |
| **ভাগ – A** | : বস্তুনিষ্ঠ শ্রেণির প্রশ্ন (MCQ) | : **25** নম্বর |
| **PART – B** | : Descriptive paper | : **55** Marks |
| **ভাগ – B** | : বর্ণনামূলক প্রশ্ন | : **55** নম্বর |

4. **PART – A** has **three** sections :
   ভাগ – **A**-তে **তিনটি** বিভাগ বর্তমান :

| | | |
|---|---|---|
| **Section – A** | **: Reading (Unseen Comprehension)** | **: 10 Marks** |
| **বিভাগ – A** | **: পঠন (অপঠিত গদ্যের বোধপরীক্ষণ)** | **: 10 নম্বর** |
| **Section – B** | **: Grammar** | **: 05 Marks** |
| **বিভাগ – B** | **: ব্যাকরণ** | **: 05 নম্বর** |
| **Section – C** | **: Main Course Book** | **: 10 Marks** |
| **বিভাগ – C** | **: মূল পাঠ্যপুস্তক** | **: 10 নম্বর** |

**PART – B** has **three** sections :
ভাগ – **B** -তে **তিনটি** বিভাগ বর্তমান :

| | | |
|---|---|---|
| **Section – A** | **: Grammar** | **: 8 Marks** |
| **বিভাগ - A** | **: ব্যাকরণ** | **: 8 নম্বর** |
| **Section – B** | **: Supplementary Reader/Non-detailed Text** | **: 35 Marks** |
| **বিভাগ - B** | **: সহায়ক পাঠ / অ-বিস্তারিত পাঠ্য** | **: 35 নম্বর** |
| **Section – C** | **: Creative Writing** | **: 12 Marks** |
| **বিভাগ – C** | **: সৃজনমূলক লিখন** | **: 12 নম্বর** |

~

## PART – A : Objective Type Questions (MCQ)

### Section – A (Reading) (Unseen Comprehension) 2 (1 × 5) = 10

1. নীচের অনুচ্ছেদ **দুটি** পড়ে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তরটি বেছে লেখো :

(A) "সবুজ পাহাড়ের গায়ে গায়ে পুঞ্জে পুঞ্জে মেঘ জমেছে। পাহাড় পাহাড় ! আমাদের কাছে অজানা রহস্য ঘেরা সম্পদ প্রাকৃতিক সম্পদ। এর আগে আমাদের বাসের মধ্যে গুণে তালিকার সঙ্গে নাম মিলিয়ে তোলা হয়ে গেছে। পাহাড়ি পথে বাস চলছে। বাসে চার ঘন্টা থেকে নামলাম এসে রাজাভাতখাওয়াতে। এর মধ্যে চায়ের বাগান ঘনবন অতিক্রম করেছি। সান্তালবাড়ি চেকপোস্টে আমাদের চেক করা হল ঘন বনে পাহাড়ি কালো স্যাঁত সেতে মেঠো-পথে হাঁটছি। শুনলাম চার মাইল পায়ে হাঁটতে হবে। সামনে ও পেছনে সশস্ত্র পুলিশ, মাঝখানে আমরা ২৫ জনে সারিবদ্ধ ছন্দে হাঁটছি। কোন কথা নেই মুখে। এপথে কোন মানুষ পাশাপাশি দুজন হাঁটতে পারেনা। কখনো নীচে নেমে যাচ্ছি, পাহাড়ি জলধারা পার হচ্ছি, পাহাড় খণ্ডে উঠে যাচ্ছি, টপকাচ্ছি।

ভয়ে গা ছম ছম করছে। হাঁটতে হাঁটতে একজন বলে উঠলেন, এখানে চিতাবাঘ আছে। আর একজন বললেন, নানা জাতের সাপও আছে। হাতিও দলবেঁধে আসে। কেবল আসে না দিনের বেলাতেও সূর্যের আলো। দিনরাতের পার্থক্য গাঢ় অন্ধকার দিয়ে ধরা পড়ে। হৃদ পিন্ডের স্পন্দন বেড়েই যাচ্ছে। তবুও চলেছি। দেশের সেবায় উৎসর্গীকৃত প্রাণ যারা একদিন এই পথে গেছিলেন আমরা ও তো তাদেরই উত্তরসূরী, ব্রিটিশ শাসিত পরাধীন ভারতের রেশ বয়ে চলছি স্বাধীন ভারতে। হায় স্বাধীনতা ! দারিদ্র্যে নগ্ন চেহারা নিয়ে কয়েকটি ঝুপড়ি দেখতে পেলাম। ভয়ে একেবারে চুপসে যাওয়া মনে একটু সাহস যেন পেলাম। প্রশ্ন জাগলো এখানেও মানুষ বাস করেন কীকরে ? কীভাবে এখানে বেঁচে আছে মেয়েরা ? এই পাহাড়ি বনভূমিতে ,মাঝে মাঝে এরাই সমতল করে খেত তৈরি করে চাষ এবং পশুপালন করেন। এসব মানুষ দেখে প্রেরণা পেলাম, সঙ্গে সঙ্গে ভাবলাম আমরা কোথায় আছি। এবাও দেশবাসী, কোন দিনও ভাবিনি এসব মানুষের কথা। কি পাপ না করেছি, অনুতাপও হল। মাথা যেন হেঁট হয়ে ওই দুর্গম পথে মিলিয়ে গেল"

I. লেখক ও তার সঙ্গীরা বাসে করে কতক্ষণ পরে, কোথায় এসে নামলেন ?

(A) চার ঘন্টা পরে চা বাগানে।

(B) চার ঘন্টা পরে রাজাভাতখাওয়াতে।

(C) সান্তালবাড়ি চেকপোস্ট পেরিয়ে চারঘন্টা পরে

(D) রাজাভাতখাওয়ার পর চারঘন্টা পেরিয়ে

II. লেখক ও তার সঙ্গীরা কাদের উত্তরসূরী ?

(A) ব্রিটিশ শাসিত ভারতের স্বাধীনতা যোদ্ধাদের

(B) পরাধীন ভারতের সাধারণ নাগরিকদের

(C) স্বাধীন ভারতে সুবিধা পাওয়া মানুষদের

(D) স্বাধীন ভারতের বঞ্চিত মানুষদের

III. 'প্রশ্ন জাগলো এখানেও মানুষ বাস করেন কী করে' এই প্রশ্নের মধ্যে ব্যক্ত হয়েছে লেখকের -

(A) সরল কৌতুক বোধ

(B) প্রবল আত্ম সন্তুষ্টি

(C) তীব্র ক্ষোভ

(D) পরম গৌরববোধ

IV. মন্তব্য বিষয়ে প্রদত্ত বিকল্পগুলির মধ্যে ঠিক/ভুল নির্ণয় কর :

**মন্তব্য (ক) :** দারিদ্র্যের নগ্ন চেহারা নিয়ে কয়েকটা ঝুপড়ি দেখতে পেয়ে কথক ভাবলেন এদের কথা ভেবেই তাদের আন্দোলন।

**মন্তব্য (খ) :** দারিদ্র্যের নগ্ন চেহারা নিয়ে কয়েকটা ঝুপড়ি দেখতে পেয়ে কথক ভাবলেন এই দেশবাসীর কথা কোনোদিনও ভাবেননি।

(A) মন্তব্য (ক) ঠিক, কিন্তু মন্তব্য (খ) ভুল।

(B) মন্তব্য (ক) ভুল, কিন্তু মন্তব্য (খ) ঠিক।

(C) মন্তব্য (ক) ও মন্তব্য (খ) দুটোই ঠিক।

(D) মন্তব্য (ক) ও মন্তব্য (খ) দুটোই ভুল।

V. 'পেলাম' — ক্রিয়াপদটির সাধুরূপ হবে —

(A) পাইয়া গিয়াছিলাম (B) পাইয়াছিলাম

(C) পাইলাম (D) পাইতেছিলাম

(B) 'মানুষ বিশ্ব সংসারে যাহা ভালোবাসে আর্টের দ্বারা তাহার স্তব করে। সুন্দর গড়ন দিয়া মানুষ যখন একটা সামান্য ঘট প্রস্তুত করে তখন সে কী করে ? না, রেখার যে মনোহর রহস্য আমার ফুলের পাপড়ির মধ্যে, ফলের পূর্ণতার মধ্যে, পাতার ভঙ্গিমায়, জীবশরীরের লাবণ্য দেখিয়া মুগ্ধ হইয়াছি, মানুষ ঘটের গঠনে বিশ্বের সেই রেখা-বিন্যাস-চাতুরীর প্রশংসা করে বলে যে 'জগতের চোখ মেলিয়া এই সকল বিচিত্র সুষমা আমার ভালো লাগিয়াছে।'

এইখানে একটা কথা ভাবিবার আছে। বিশ্ব প্রকৃতি বা মানব প্রকৃতির মধ্যে যাহা-কিছু মহৎ বা সুন্দর, তাহাই আমাদের স্তবের যোগ্য, সুতরাং তাহাই আর্টের বিষয়, একথা বলিলে সমস্ত কথা বলা হয়না।

প্রাণের প্রতি প্রাণের, মনের প্রতি মনের, হৃদয়ের প্রতি হৃদয়ের একটা স্বাভাবিক টান আছে। ইহাকে বিশেষভাবে সৌন্দর্য বা ঔদার্যের আকর্ষণ বলিতে পারিনা। ইহাকে ঐক্যের আকর্ষণ বলা যাইতে পারে। আমি মানুষ, কেবল এই জন্যই মানুষের সকল বিষয়েই আমার মনের একটা ঔৎসুক্য আছে। আমি বাঙালি, এই জন্য বাঙালির তুচ্ছ বিষয়টিতেও আমার মনের মধ্যে একটা সাড়া পাওয়া যায়। গ্রামের দিঘির ভাঙা ঘাটটি আমার ভালো লাগে - সুন্দর বলিয়া নয়, গ্রামকে ভালোবাসি বলিয়া। গ্রামকে কেন ভালোবাসি ? না, গ্রামের লোকজনদের প্রতি আমার মনের একটা টান আছে। কিন্তু গ্রামের লোকেরা যে রামচন্দ্র - যুধিষ্ঠির সীতা-সাবিত্রীর দল তাহা নহে; তাহারা নিতান্তই সাধারণ লোক; তাহাদের মধ্যে স্তব করিবার যোগ্য কোনো বিশেষত্বই দেখা যায় না।

যদি কোনো কবি এই ঘাটটির প্রতি তাঁহার অনুরাগ ঠিকমত ব্যক্ত করিয়া কবিতা লিখিতে পারেন তবে সেই কবিতা কেবল যে এই গ্রামের লোকেরই মনে লাগিবে তাহা নহে, সকল দেশেরই সহৃদয় পাঠক এই কবিতার রস উপভোগ করিতে পারিবে। কারণ, যে ভাবটি লইয়া এই কবিতা রচিত তাহা সকল দেশের মানুষের পক্ষেই সমান'

I. গদ্যাংশটির মূল বিষয় কী ?

(A) আর্টের সঙ্গে গ্রাম জীবনের সম্পর্ক নির্ণয়

(B) চিত্রকলার সঙ্গে কবিতার পার্থক্য

(C) আর্টের ক্ষেত্রে রামচন্দ্র - যুধিষ্ঠির সীতা - সাবিত্রীর গুরুত্ব বিশ্লেষণ

(D) আর্টের প্রতি আমাদের আকর্ষণের কারণ বিশ্লেষণ

~

II. নীচের মন্তব্য দুটি পড়ো এবং সঠিক উত্তর নির্বাচন করো :

**বিবৃতি** : মানুষ বিশ্ব সংসারে যাহা ভালোবাসে আর্টের দ্বারা তার স্তব করে।

**কারণ –**

**মন্তব্য (ক) :** মানুষের প্রতি মানুষের ঐক্যের আকর্ষণ।

**মন্তব্য (খ) :** মানুষ যা কিছু সুন্দর তা ভালোবাসে।

(A) মন্তব্য (ক) ঠিক, মন্তব্য (খ) ভুল।

(B) মন্তব্য (খ) ঠিক, মন্তব্য (ক) ভুল।

(C) মন্তব্য (ক) এবং (খ) দুটোই ঠিক।

(D) মন্তব্য (ক) এবং (খ) দুটোই ভুল।

III. গ্রামের দিঘির ভাঙা ঘাটটি আমার ভালো লাগে কেন ?

(A) বড়ই সুন্দর বলে

(B) গ্রামকে ভালোবাসি বলে

(C) ভাঙ্কা ঘাটের অতীত ইতিহাস ভালো লাগে বলে

(D) ঘাটে বসে থাকতে ভালো লাগে বলে

IV. "গ্রামের লোকেরা যে রামচন্দ্র যুধিষ্ঠির সীতা সাবিত্রীর দল তাহা নহে" - এই বাক্যটির দ্বারা লেখক কী বুঝিয়েছেন ?

(A) গ্রামের লোকেরা তাঁদের মতো কাল্পনিক চরিত্র নয়।

(B) গ্রামের লোকেরা তাঁদের মতো অসাধারণ চরিত্র নয়।

(C) গ্রামের লোকেরা তাঁদের মতো মহাকাব্যের মানুষ নয়।

(D) গ্রামের লোকেরা তাঁদের মতো বাস্তব চরিত্র নয়।

V. 'আকর্ষণ' শব্দটির সমার্থক শব্দটি হল –

(A) অনুরাগ (B) বিকর্ষণ

(C) পছন্দ (D) কর্ষণ

~

## Section – B (Grammar)

2. **যে কোনো পাঁচটি** বাগ্‌ধারা/প্রবাদের সঠিক উত্তর বেছে লেখো : (MCQ) **5 × 1 = 5**

I. 'গড্ডলিকা প্রবাহ' বাগধারাটির সঠিক প্রয়োগ হয়েছে কোন বাক্যে ?

(A) গড্ডলিকা প্রবাহে বাড়িটি ভেসে গেল

(B) এ কি গড্ডলিকা প্রবাহ, যে তুমি যখন চাইবে ডুব দেবে ?

(C) গড্ডলিকা প্রবাহে গা ভাসালে জীবনে উন্নতি হবে না।

(D) গড্ডলিকা প্রবাহে মণি মুক্তো উঠে এল

II. নীচের কোন বাক্যে 'শক্তের ভক্ত নরমের যম' বাগধারাটির সঠিক প্রয়োগ হয়েছে ?

(A) ক্লাসের দুষ্টু ছেলেদের সঙ্গে সে এঁটে ওঠেনা, তাই ছোটোদের ওপর হম্বিতম্বি করে, একেই বলে শক্তের ভক্ত নরমের যম।

(B) একদিকে স্কুলের শিক্ষকদের বকা অন্যদিকে বাড়িতে অভিভাবকের তাড়না, শক্তের ভক্ত নরমের যমের মত অবস্থা।

(C) শক্তের ভক্ত নরমের যম হলে তোমার পড়াশুনা হবে না।

(D) শক্তের ভক্ত নরমের যম হলেই একসঙ্গে মিলেমিশে থাকা যায়।

III. 'পাকা ধানে মই দেওয়া' বাগধারাটি কী বোঝাতে প্রয়োগ করা হয় ?

(A) পাকা ধান কেটে নেওয়া

(B) প্রায় সম্পন্ন কাজ পন্ড করা।

(C) চিন্তা না করে কাজ করা

(D) গাঁয়ে না মানলেও মোড়লি করা

IV. 'মুহূর্তে ভেঙে যাওয়া' বোঝাতে কোন বাগধারাটি প্রয়োগ করা হয় ?

(A) চাঁদের হাট (B) তাসের ঘর

(C) শাঁখের করাত (D) অন্ধের যষ্টি

V. 'ছাইচাপা আগুন' বাগধারাটির অর্থ কী ?

(A) প্রছন্ন প্রতিভা

(B) বিপদজনক প্রতিভা

(C) যে আগুন ছাই দিয়ে চাপা

(D) আগুনে পোড়ার পর যে ছাই পড়ে থাকে

~

VI. নীচের কোন বাক্যটিতে 'অমাবস্যার চাঁদ' বাগধারাটির সঠিক প্রয়োগ হয়েছে ?

(A) তুমি তো দেখছি অমাবস্যার চাঁদের মতো সব সময় দেখা দিচ্ছ।

(B) তোমার জীবন যাপন দিন দিন অমাবস্যার চাঁদের মতো হয়ে যাচ্ছে।

(C) তুমি তো দেখছি অমাবস্যার চাঁদ, আজকাল একেবারেই নাগালে পাওয়া যায় না।

(D) তোমার এমন ভীতু স্বভাব, যেন অমাবস্যার চাঁদ।

VII. 'সুসময়ের বন্ধু' বোঝাতে কোন বাগধারাটির প্রয়োগ করা হবে ?

(A) শাঁখের করাত (B) চোরে-চোরে মাসতুতোভাই

(C) গভীর জলের মাছ (D) সুখের পায়রা

VIII. 'কেঁচে গন্ডুষ' বাগধারাটির অর্থ কী ?

(A) পুনরায় আরম্ভ করা (B) সমাপ্তি

(C) পুনরায় শেষ করা (D) দুহাতে জল পান করা

## Section – C (Main Course Book)

3. পাঠ্য নাটক থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর বেছে লেখো **(যে কোনো পাঁচটি)** (MCQ) :

**5 × 1 = 5**

I. 'বক্তিয়ার' কোন নাটকের চরিত্র ?

(A) 'সাজাহান' (B) 'নানা রঙের দিন'

(C) 'সোয়ান সং' (D) 'রিজিয়া'

II. 'নানা রঙের দিন' নাটকে আমরা ঔরঙ্গজীবের কোন ভাইয়ের কথা পাই ?

(A) সুজা (B) মিরজুমলা

(C) মহম্মদ (D) শায়েস্তা খাঁ

III. **মন্তব্য** : প্রম্পটার কালীনাথ লুকিয়ে লুকিয়ে গ্রিনরুমে ঘুমোতেন –

**কারণ (ক)** : কারণ তাঁর শোয়ার জায়গা নেই।

**কারণ (খ)** : তিনি মঞ্চ ভালোবাসতেন।

মন্তব্যের প্রেক্ষিতে কোন কারণটি সঠিক ?

(A) কারণ (ক) ঠিক, (খ) ভুল।

(B) কারণ (ক) ভূল, (খ) ঠিক।

(C) কারণ (ক) এবং (খ) দুটোই ঠিক।

(D) কারণ (ক) এবং (খ) দুটোই ভুল।

~

IV. 'মরা হাতি সোয়া লাখ' কথাটি এখানে কোন অর্থে ব্যবহৃত হয়েছে ?

(A) অল্পবয়সী রজনীকান্তের অভিনয়ের তুলনায় বৃদ্ধ রজনীকান্তের অভিনয় অনেক ভালো।

(B) অল্পবয়সী রজনীকান্ত যেমন দুর্দান্ত অভিনয় করতেন, বার্ধক্যে পৌঁছেও তিনি সেই একই রকম অভিনয় করেন।

(C) বৃদ্ধ রজনীকান্তের অভিনয়ের তুলনায় অল্পবয়সী রজনীকান্তের অভিনয় অনেক ভালো।

(D) রজনীকান্ত অল্প বয়স বা বার্ধক্যে কখনোই ভালো অভিনয় করতেন না।

V. 'ধুধু করা দুপুরে জ্বলন্ত মাঠে বাতাস যেমন একা, তেমনি –' এই বাক্যের মাধ্যমে ধরা পড়েছে –

(A) রজনীকান্তের জীবনের সুসময়  (B) প্রাকৃতিক প্রতিকূলতা

(C) রজনীকান্তের জীবনের প্রতাপ  (D) রজনীকান্তের ভয়ংকর একাকীত্ব

VI. "তুমি কি ভাবছ পাবলিক আমাকে এমনই ভালোবাসে যে ঘুমের ঘোরে আমাকে স্বপ্ন দেখছে ? – পাগল !" নাটকে ব্যবহৃত উক্তিটির মাধ্যমে বক্তার চরিত্রের কোন দিকটি ফুটে উঠেছে ?

(A) সারল্যের দিক  (B) কপটতার দিক

(C) অভিমানের দিক  (D) ধর্মীয় ভাবনার দিক

4. পাঠ্য সহায়ক পাঠ থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর বেছে লেখো **(যে কোনো পাঁচটি)** (MCQ) :

**5 × 1 = 5**

I. 'বারবার আকাশ প্রদক্ষিণ করে কী যেন তন্নতন্ন করে খুঁজছে।' এখানে কে তন্ন তন্ন করে খুঁজছে ?

(A) আকাশের তারা  (B) আসানসোল স্টেশনের সার্চলাইট

(C) বিমান  (D) রাতচরা পাখি

~

II. **মন্তব্য :** 'মেঘের গায়ে জেলখানা' রচনায় কথক "ইংরেজরা প্রদেশ ছেড়ে আজও যায়নি" উক্তিটির মাধ্যমে বুঝিয়েছেন –

**(ক) :** দেশ স্বাধীন হলেও চা-বাগানের কর্তাদের জীবন যাপন সাহেবদের মতোই থেকে গেছে।

**(খ) :** দেশ স্বাধীন হলেও কুলিদের অবস্থা আগের মতোই অপুষ্টি ও দারিদ্র্যে ভরা থেকে গেছে।

মন্তব্যের প্রেক্ষিতে ঠিক/ভুল উত্তর নির্বাচন কর –

(A) (ক) ঠিক, (খ) ভুল (B) (ক) ভূল, (খ) ঠিক

(C) (ক) এবং (খ) দুটোই ঠিক (D) (ক) এবং (খ) দুটোই ভুল

III. "তাছাড়া আছে হাজার রকমের বাজে আবওয়ার।" – রচনা অনুযায়ী উক্তিটির অর্থ হল –

(A) প্রজাদের জমিতে স্বত্ব না থাকা (B) কর্জার ধান শোধ

(C) নানা ছলনায় নানা ধরনের খাজনা (D) দেনার দায়ে জমি নিয়ে নেওয়া

IV. "মানুষগুলোর দিকে তাকালে মনে হয় জীবনে তাদের শান্তি নেই।"

মানুষগুলোর জীবনে শান্তি নেই কেন ?

(A) মানুষগুলিকে বন-পোড়ানে ছাইয়ের ওপর চাষ করতে হয়

(B) জমিদারের পাইক বরকন্দাজ সব ফসল তুলে নিয়ে যায়

(C) মানুষগুলিকে জঙ্গলে মাচা করে থাকতে হয়

(D) বাংলাদেশের মানুষ তাদের পর মনে করে।

V. "আধো আধো কথা বলবার, ইস্কুলে ভর্তি হবার বয়স।" – এখানে কাদের কথা বলা হয়েছে ?

(A) বক্সা জেলখানায় চোর ও পকেটমার হিসেবে বন্দি শিশুরা

(B) বক্সা জেলখানায় থাকা মুস্তাফা নামে একটি ছোটোছেলে

(C) খাবারে বিষ মিশিয়ে দোকানে দোকানে সেই বিষ মানুষের হাতে বিলি করেছে যারা

(D) ব্যাংকের টাকা চুরি করে হাজার হাজার সংসারকে পথে বসিয়েছে যারা

VI. পাতালপুরীর রাজত্বে বাঙালি কুলি কামিনেরাও কথা বলে –

(A) বাংলা হিন্দি মিশানো পাঁচ মিশালি ভাষায়

(B) হিন্দি ভাষায়

(C) হিন্দি ইংরেজি মিশানো পাঁচমিশালি ভাষায়

(D) বাংলা ভাষায়

~

## PART – B (Descriptive Paper)

### Section – A (Grammar)

5. ধ্বনি বিজ্ঞানের নিম্নলিখিত সূত্রগুলির যে কোনো একটির দু'টি উদাহরণ সহ সংজ্ঞা লেখ : **(2+2)×1=4**

স্বরভক্তি **অথবা** অভিশ্রুতি **অথবা** অপিনিহিতি

6. শব্দার্থতত্ত্বের নিম্নলিখিত প্রকারভেদগুলির যে কোনো **একটির** দু'টি উদাহরণ সহ সংজ্ঞা লেখ।

**(2+2)×1=4**

শব্দার্থের সংকোচন **অথবা** শব্দার্থের উৎকর্ষ

### Section – B

### (Supplementary Reader/Non-detailed text)

7. 'আসল বাদাটার আর খোঁজ করা হয় না উচ্ছবের' **2 + 3 = 5**

(a) উচ্ছবের পরিচয় দাও।

(b) উচ্ছবের 'আসল বাদা' অনুসন্ধানের অসমাপ্ত বিষয়টির তাৎপর্য বুঝিয়ে লেখ।

**অথবা / OR**

'শেষ রোদের আলোয় সে দূরের দিকে ক্রমশ আবছা হয়ে গেল'

(a) এখানে 'সে' বলতে যাকে বোঝানো হয়েছে তার পরিচয় দাও।

(b) গল্পের শেষে তার গুরুত্ব কোথায় ?

8. "কিন্তু যারা না খেয়ে মরছে তাদের যদি এই স্বার্থপরতা থাকত ?" – বাক্যটিতে বক্তা কী বোঝাতে চেয়েছেন ? **2**

~

9. "এইবার গুছিয়ে ভাবতে হচ্ছে"। – **3**

'কে কী গুছিয়ে' ভাববে ?

**অথবা/OR**

"হঠাৎ বিকেলে অদ্ভুত দৃশ্য দেখা গেল" – অদ্ভুত দৃশ্যটি কী ছিল ?

10. প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য ব্যাখ্যা করো। **5**

"মৃত্যুতে সকল দেনা শোধ করে দিতে"

**অথবা/OR**

"নিহত ভাইয়ের শবদেহ দেখে
নাই যদি হয় ক্রোধ"

11. "আমি তা পারি না" **3**

(a) এই পংক্তির মাধ্যমে কবি কোন বার্তা দিয়ে আমাদের জাগ্রত করতে চান ?

**অথবা/OR**

"ঐ সবুজের ভীষণ দরকার"

(a) কবির 'ঐ সবুজের দরকার' কেন ?

12. I. "রাজারা কি পাথর ঘাড়ে করে আনত ?" **2 + 3 = 5**

(a) এখানে রাজাদের কথা বলতে কোন শ্রেণির কথা বলা হয়েছে ? কবিতায় উল্লেখিত যে কোন একজন রাজার নাম লেখো।

(b) উক্তিটির মাধ্যমে কবি আসলে কী বলতে চেয়েছেন ?

**অথবা/OR**

II. "কত সব খবর কত সব প্রশ্ন"

(a) কোন কবিতার অংশ ? এখানে কোন ধরনের খবরের কথা বলা হয়েছে ?

(b) কত সব প্রশ্ন উঠেছে কেন ?

~

13. I. 'এক-পা এক-পা করে এগিয়ে চলেছে মৃত্যুর দিকে - আর জীবনে ভোর নেই, সকাল নেই, দুপুর নেই' – সন্ধ্যে ও ফুরিয়েছে - এখন শুধু মাঝ রাত্তিরের অপেক্ষা। **2 + 3 = 5**

(a) কোন প্রসঙ্গে এই মন্তব্য করা হয়েছে ?

(b) বক্তা কখন, কেন একথা বলেন ?

**অথবা/OR**

II. "ও শুধু আমাকে আলমগিরের পার্ট করতে দেখেছিল, আর কিছু নয়"

(a) কে, কাকে এই পার্ট করতে দেখে ছিল ?

(b) কোন প্রসঙ্গে বক্তা এই উক্তিটি করেছিলেন ?

14. I. "হঠাৎ মহাজন যেন করুণায় অবতার হয়ে উঠল।" – **2 + 3 = 5**

(a) কে, কার কাছে করুণার অবতার হয়ে উঠল ?

(b) মন্তব্যটির অন্তর্নিহিত অর্থ লেখ।

**অথবা/OR**

II. "দেশকে ভালোবাসা ছাড়া কোন অপরাধই যাদের বিরুদ্ধে প্রমাণ হয়নি, আজও তাদের স্থান বক্সায়"

(a) তাঁদের বলতে এখানে লেখক কাদের কথা বলেছেন ?

(b) তাঁরা কেন এই স্থানে এসেছেন ?

15. পাতালপুরীর রাজ্যে বিশ বাইশ বছরের একটি শ্রমিক মেয়েকে কেন আবার কয়লা মাখা শরীর নিয়েই খাদে নামতে হয় ? **2**

**অথবা/OR**

"এ অঞ্চলের গারোদের ঘর দূর থেকে দেখলেই চেনা যায়" গারোদের ঘর গেরস্থালির পরিচয় দাও।

~

## Section – C
## (Creative Writing)

16. নীচে সংবাদপত্রে প্রকাশিত একটি প্রতিবেদন তুলে দেওয়া হল। এটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর লেখো : **1 + 2 + 3 = 6**

নিজস্ব সংবাদদাতা ঃ দিল্লি ঃ আমাদের স্বস্তির জন্য খুব বেশি কিছু লাগে না। দিল্লি আর নাগপুরের তাপমাত্রা মাপার যন্ত্রে গন্ডগোল ছিল শুনলেই শরীরে বাতাস খেলে যায়। তাতে সরকারেরও স্বস্তি। নইলে লোকজন যা তেতে রয়েছে, তাতে জল নেই কেন, জঙ্গল কেটে শ্মশান করে দেওয়া হচ্ছে কেন, জলা কেন বোজানো হচ্ছে প্রশাসনের চোখের সামনে, কেন এত ধুলো ধোঁয়া জঞ্জাল, এইসব 'অনর্থক' বকতে থাকবে ! মাঝে মাঝে যন্ত্রলিখনের ভুল তাই অযাচিত আশীর্বাদ খবরে এ বছর ভারতে এ পর্যন্ত গরমের শিকার ১০০ জনেরও বেশি, ২৫০০০ জনেরও বেশি অসুস্থ, এর অন্যতম সম্ভাব্য কারণ হিট স্ট্রোক। গরমের আধিক্য আর মৃত্যুর সম্পর্কটা গুণে গেঁথে নিশ্চিত বলা হয়তো সহজ নয়। তবে এ বছরেরই গোড়ার দিকে একটা হিসেব দাখিল করেছিলেন এক গবেষক দল। কলকাতা দিল্লি মুম্বই বেঙ্গালুরু সহ ভারতের ১০ টা শহরে ২০০৮ থেকে ২০১৯ অবধি, তাঁদের বিচারে, গরমের কারণে বছরে গড়ে ১১১৬ জন মারা গেছেন। সেটা সরাসরি হিট স্ট্রোক হয়ে হোক, বা গরমের কারণে অন্য কোনও পীড়ার বাড়াবাড়ি প্রাণঘাতী হয়ে ওঠার কারণে হোক। এটা গড় হিসেব। কেবল গ্রীষ্মের দহন থেকে এত মৃত্যু ঘটতে পারে !

সেজন্য মানুষের তামাদি হয়ে যাওয়া বায়োকেমিস্ট্রি দায়ী। এদের শরীর কিছুতেই সাঁইত্রিশ ডিগ্রির ওপরে কাজ চালাতে পারেনা। আগামী দিনের গরম পৃথিবীতে নতুন কোনও এক জাতের মানুষ হয়তো আসবে যাদের শরীর পঞ্চাশ-পঞ্চান্ন ডিগ্রিতে হাসতে হাসতে নব্বই মিনিটের ফুটবল খেলবে। আমাদের শরীর যখনই দেখে, তাপমাত্রার ওই লক্ষ্মণ রেখা আর বজায় রাখা যাচ্ছিনা, সে ঘাম ঝরিয়ে অবস্থা সামলাতে চায়। ঘাম উবে যাওয়ার সময় শরীর থেকে বাড়তি তাপ টেনে নেবে, এবং শরীরকে সাঁইত্রিশ ডিগ্রিতে ধরে রাখবে, এটাই লক্ষ্য। এভাবেই আমরা টিকে আছি, গরমে প্রাকৃতিক হোক কি তালপাতা - বিজলি পাখার বাতাস এ কারণেই আমাদের আরাম দেয়, ঘাম বাষ্প হওয়ার হার বাড়িয়ে। কিন্তু এর উল্টো দিকে আছে বাতাসে ইতিমধ্যে উপস্থিত জলীয় বাষ্পের পরিমাণ। বাতাসে জলবেশি থাকলে সে আর ঘাম শুষতে চাইবেনা। ফলে ঘেমে নেয়ে যাওয়ার অবস্থা দেখা দেবে, কিন্তু শরীর শীতল হবেনা আর সেটাই এইসব হতভাগ্য মানুষের মৃত্যুর গোড়ার কারণ।

~

এই ধারা আটকানোর কি কোনও উপায় নেই ? উপায় দেওয়ালে লেখা আছে, কিন্তু যেমন সরকার তেমনই অন্যরাও চোখ বুঁজে পথ পেরোচ্ছেন, দেওয়ালের দিকে তাকাচ্ছেন না, এই প্রজন্মই শেষ প্রজন্ম, যারা সমূহ বিপর্যয় ঠেকাতে পারে কিংবা সহনীয় মাত্রায় ধরে রাখতে পারে। কিন্তু এখন অবধি সবই অরণ্যে রোদন।

**প্রশ্ন :**

(a) উপরের প্রতিবেদনটির একটি উপযুক্ত শিরোনাম দাও।

(b) কেবল গ্রীষ্মের দহন থেকে এত মৃত্যু কেন ঘটে ?

(c) তিন/চারটি বাক্যে বিষয়টির ওপর আলোকপাত করো।

17. তোমার অঞ্চলে প্রধান রাস্তার পাশে আয়োজিত হবে পর্যটন মেলা - সেই মেলায় স্টল বুকিং এর জন্য আগ্রহীদের কাছ থেকে আবেদন পত্র আহ্বান করা হচ্ছে। এই বিষয় অবলম্বনে একটি বিজ্ঞাপন রচনা করো। (**৫০**টি শব্দের মধ্যে) **6**

**অথবা/OR**

তোমার পাড়ায় একটি নতুন ইংরেজি মাধ্যম বিদ্যালয় তৈরি হয়েছে। সেই অবলম্বনে একটি বিজ্ঞাপন রচনা করো। (**৫০**টি শব্দের মধ্যে)

(**বি. দ্র. :** বিজ্ঞাপন রচনায় প্রয়োজন হলে / কাল্পনিক ব্যক্তি নাম, স্থান-নাম ও প্রতিষ্ঠানের নাম ব্যবহার করতে হবে। নিজের নাম, ঠিকানা, বিদ্যালয়ের নাম উল্লেখিত হলে উত্তর অযোগ্য বিবেচিত হবে।)

~